



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/প্রশাসন(টিচিং)/২০২৩-২০২৪/০৭/ ১০৬২৭

তারিখ : ২১-০৪-২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১। ফার্মেসী বিভাগ	সহকারী অধ্যাপক (স্থায়ী)	২টি
	প্রভাষক (স্থায়ী)	২টি
২। প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
৩। ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
	প্রভাষক (অস্থায়ী)	১টি
৪। অর্থনীতি বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৪টি
৫। পদার্থবিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	১টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম : প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-, সহকারী অধ্যাপক : ৩৫,৫০০-৬৭,০১০/-
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

সহকারী অধ্যাপক : আবেদনকারীদের ফার্মেসী বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং

(ক) স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২(দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১(এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

(ঘ) স্বীকৃত জার্নালে (পিয়র রিভিউড) ন্যূনতম ০৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First author হিসেবে ন্যূনতম ০১(এক) টি প্রকাশনা থাকতে হবে।

প্রভাষক : আবেদনকারীদের ফার্মেসী/প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান/ভূতাত্ত্বিক বিজ্ঞান/পদার্থবিজ্ঞান বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) এবং অর্থনীতি বিষয়ে আবেদনকারীদের সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান)/ সমমান ও স্নাতকোত্তর/সমমান ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। পিএইচডি ডিগ্রি এবং ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
বি. দ্র.: পদার্থবিজ্ঞান বিভাগে স্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ০৩-০১-২০২৪ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সাত সেট আবেদনপত্রের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। দরখাস্তের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক পিএলসি জাবি শাখার সিডি-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৬-০৫-২০২৪

স্বাক্ষর/-রেজিস্ট্রার

মো. আবু হাসান
রেজিস্ট্রার
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।